দৈনিক ইনকিলাব

তারিখ 20 NOV 1988
পৃষ্ঠা 5 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

…011

# শিক্ষাঙ্গন

## গণ-পাঠাগারের গুরুত্ব

আমাদের মত একটি দরিদ্র ও উন্নয়নশীল দেশে অর্থনৈতিক উন্নয়নের প্রতিবন্ধকতা হিসাবে যে প্রধান উপকরণগুলো বিরাজ করছে তার মধ্যে শিক্ষা ক্ষেত্রে অনগ্রসরতা ও জনগণের অসচেতনতা অন্যতম। আমাদের দেশ দরিদ্র। মাথা পিছু আয়ের স্বল্পতা, উৎপাদন ক্ষেত্রে ক্রম হ্রাসমান প্রবণতা, বিপুল বেকারত্ব, সামাজিক জীবনে ক্রমবর্ধমান হতাশা ও নৈরাজ্য, ব্যাপক দারিদ্র্যতা ইত্যাদি আমাদের আর্থ-সামাজিক অবস্থার প্রতিনিয়ত বৈশিষ্ট্য। জনসংখ্যা যেভাবে হু হু করে বাড়ছে, দেশের অর্থনৈতিক উন্নয়ন সেভাবে বাড়ছে না। কিন্তু এই বিপুল জনগোষ্ঠীকে যদি এখন থেকেই দেশের আর্থ-সামাজিক অবস্থা ও তার ভবিষ্যত পরিণতি সম্পর্কে সচেতন করে তোলা না যায় তবে সামগ্রিক উন্নয়ন পরকিল্পনা ব্যর্থতায় পর্যবসিত হতে বাধ্য। যে দেশ যত উন্নত সে দেশের জনগণ তত শিক্ষিত ও সচেতন। জনগণের সচেতনতা বৃদ্ধিতে গণমাধ্যমগুলো বিশেষ ভূমিকা পালন করে থাকে। গণমাধ্যম বলতে যেমন—রেডিও, টেলিভিশন, পত্র-পত্রিকা. ইত্যাদিকে আমরা সাধারণভাবে বুঝে থাকি। কিন্তু ব্যাপক দারিদ্র্যতার কারণে আমাদের দেশের অধিকাংশ জনগণের উপরোক্ত গণমাধ্যমের সুযোগ একসাথে গ্রহণ করা সম্ভব হয় না। কিন্তু তাদেরকে যদি পরিকল্পিত উপায়ে উক্ত গণমাধ্যমগুলোর সান্নিধ্যে আনা যায় তবে দেশে উন্নয়ন ও উৎপাদনের গণজাগরণ সৃষ্টি হতে পারে। আর এই উন্নয়ন শুধু অর্থনীতির ক্ষেত্রেই নয় বরং অন্যান্য সামাজিক, সাংস্কৃতিক ক্ষেত্রেও দেখা দিবে।

গণজাগরণের একটি সহজ ও উপযুক্ত প্রাতিষ্ঠানিক মাধ্যম হল গণপাঠাগার। এখানে প্রায় সব ধরনের পত্র-পত্রিকা, বই-ম্যাগাজিন ইত্যাদি সহজে পাওয়া যায় এবং জনগণ বিনা ব্যয়ে এসব পাঠ করতে পারে। কিন্তু দুঃখের বিষয় হল যে, আমাদের দেশে গণপাঠাগারের সংখ্যা নিতান্তই কম। গোটা কয়েক গুরুত্বপূর্ণ শহর ছাড়া এর অস্তিত্ব অন্য কোথাও তেমন একটা নেই। প্রসংগত উল্লেখ্য যে, ঔপনিবেশিক আমলে বিদেশী প্রভুরা গোটা কয়েক শহরে তাদের প্রয়োজনানুযায়ী গণপাঠাগার স্থাপন করেন। কিন্তু বৃহত্তর জনগোষ্ঠীর স্বার্থে স্বাধীনতার পর এখন পর্যন্ত এই প্রাতিষ্ঠানিক মাধ্যমটির সম্প্রসারণ ও বিকেন্দ্রীকরণ ঘটেনি। এতে করে দেশের মোট জনসংখ্যার এক বৃহত্তর অংশ গণমাধ্যমের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

জনশক্তির উন্নয়নের জন্য পরিকল্পনার লক্ষ্য হাসিলের ব্যর্থতার অন্যতম প্রধান কারণ হল শ্রম বাজারের কার্যক্রম সম্পর্কে জনগণের অজ্ঞতা। শ্রম বাজার সম্পর্কে ব্যাপক তথ্য জ্ঞানের অভাবে শ্রম শক্তির এক বিরাট অংশ বেকারত্বে ভুগছে। দেশে শিক্ষার হার বাড়ছে না, সচেতনতা কমছে। তাই দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে ব্যাপকভাবে গণপাঠাগার গড়ে তোলা প্রয়োজন। আর এজন্য দেশের প্রতিটি উপজেলাতে অন্ততঃ একটি করে গণপাঠাগার স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে। এই পরিকল্পনার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হবে। শুনতেও অবাক লাগে যে, উন্নত দেশগুলোতে শুধুমাত্র পত্র-পত্রিকা পাঠকের সংখ্যা যেখানে প্রায় ৯৫%-এর উপরে সেখানে আমাদের দেশে পত্র-পত্রিকা পাঠকের সংখ্যা প্রতি ২০০ জনে ১ জন। দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে, উৎপাদন বৃদ্ধি ও উন্নয়ন-এর তাগিদে দেশের জনগণকে শিক্ষিত ও সচেতন করে তুলতে হবে, তাদের মধ্যে নবজাগরণের উদ্দীপনা সৃষ্টি করতে হবে। আর এর জন্যে প্রয়োজন একটি সুষ্ঠু ও সমন্বিত কর্মসূচী ও পরিক্রপনার।

—মোঃ মুজিবুর রহমান